

🗏 আয-যুখরুফ | Az-Zukhruf | ٱلزُّخْرُف

আয়াতঃ ৪৩:৮

💵 আরবি মূল আয়াত:

فَأَهْلَكْنَا أَشَدُّ مِنْهُم بَطشًا قَ مَضلي مَثَلُ الأَوَّلِينَ ﴿ ٨﴾

🗚 অনুবাদসমূহ:

ফলে তাদের চেয়েও শক্তিতে প্রবলদেরকে আমি ধ্বংস করে দিয়েছিলাম। আর পূর্ববর্তীদের দৃষ্টান্ত অতীত হয়ে গেছে। — আল-বায়ান

আমি তাদেরকে ধ্বংস করেছি- যারা ছিল এদের চেয়ে অনেক বেশি শক্তিশালী। পূর্বের জাতিগুলোর উদাহরণ অতীত হয়ে গেছে। — তাইসিরুল

তাদের মধ্যে যারা এদের অপেক্ষা শক্তিতে প্রবল ছিল তাদেরকে আমি ধ্বংস করেছিলাম; আর এভাবে চলে আসছে পূর্ববর্তীদের অনুরূপ দৃষ্টান্ত। — মুজিবুর রহমান

And We destroyed greater than them in [striking] power, and the example of the former peoples has preceded. — Sahih International

৮. ফলে যারা এদের চেয়ে শক্তিতে প্রবল ছিল তাদেরকে আমরা ধ্বংস করেছিলাম; আর গত হয়েছে পূর্ববর্তীদের অনুরূপ দৃষ্টান্ত।

তাফসীরে জাকারিয়া

- (৮) ওদের মধ্যে যারা এদের অপেক্ষা শক্তিতে প্রবল ছিল[1] তাদেরকে আমি ধ্বংস করেছিলাম; আর পূর্ববর্তীদের দৃষ্টান্ত ঘটে গেছে। [2]
 - [1] অর্থাৎ, মক্কাবাসীদের থেকেও বেশী শক্তিশালী ছিল। যেমন, অন্যত্র বলেছেন, ﴿كَانُوْا أَكْثَرَ مِنْهُمْ وَأَشَدَ قُوَّةً ﴾ "তারা এদের চেয়েও সংখ্যায় ও শক্তিতে অনেক বেশী ছিল।" (সূরা মু'মিন ৮২ আয়াত)
 - [2] অর্থাৎ, কুরআন মাজীদে সেই সম্প্রদায়দের কথা অথবা তাদের গুণাবলী একাধিকবার উল্লিখিত হয়েছে। এতে মক্কাবাসীদের জন্য এইভাবে ধমক দেওয়া হয়েছে যে, পূর্বের জাতিরা রসূলদেরকে মিথ্যাজ্ঞান করার কারণে বিনাশপ্রাপ্ত হয়েছে। এরাও যদি মুহাম্মাদ (সাঃ)-এর রিসালাতকে মিথ্যা মনে করাতে অটল থাকে, তবে তাদের ন্যায় এরাও ধ্বংস হয়ে যাবে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4333

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন